

রেজিস্ট্রার দপ্তর

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর-৭৪০৮, বাংলাদেশ।



Office of the Registrar
Jashore University of Science and Technology
Jashore-7408, Bangladesh

স্মারক নং- যবিপ্রবি/১০০২/রাজস্ব জনবল (নিয়োগ বিজ্ঞপ্তি)/পার্ট-৫/১৯-৬২৭

তারিখঃ ১৪/০২/২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, পদসংখ্যা ও স্কেল	সর্বোচ্চ বয়স	শর্তাবলী
০১	অধ্যাপক ক) পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ, ০১টি স্থায়ী পদ খ) মার্কেটিং বিভাগ, ০১টি স্থায়ী পদ (যোগ্য প্রার্থীর অপ্রাপ্যতার ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে প্রভাষক নিয়োগ দেওয়া হবে) বেতন স্কেলঃ ৫৬০০০-৭৪৪০০/-	আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ক্রমিক নং ০১-এর জন্য ০২ সেট, ক্রমিক নং ০২ থেকে ০৩-এর জন্য ০৭ সেট আবেদন, ক্রমিক নং ০৪ হতে ০৫-এর জন্য ০৪ সেট এবং ক্রমিক নং ০৬ হতে ০৭-এর জন্য ০২ সেট আবেদন রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর-৭৪০৮ বরাবরে আগামী ১৪/০৩/২০২১ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। রেজিস্ট্রার, যবিপ্রবি-এর কার্যালয় অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ www.just.edu.bd হতে আবেদন ফরম ও যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়াছবি সংযুক্ত করতে হবে- (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি (গ) জাতীয় পরিচয়পত্র (ঘ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। বয়স গণনার ক্ষেত্রে আবেদন জমার শেষ তারিখ পর্যন্ত হিসাব করতে হবে। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না। দরখাস্তের সাথে "রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"-এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হতে ক্রমিক নং ০১ হতে ০৩-এর জন্য ১১০০/- টাকা, ক্রমিক নং ০৪-এর জন্য ১০০০/- টাকা, ক্রমিক নং ০৫-এর জন্য ৯০০/- টাকা এবং ক্রমিক নং ০৬ হতে ০৭-এর জন্য ৫০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম, দপ্তর/ বিভাগের নামসহ খামের উপর স্পষ্টাকারে লিখতে হবে। উপাচার্য মহোদয় অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১ (এক) টি শর্ত শিথিল করতে পারবেন। ক্রমিক নং ০৬ হতে ক্রমিক নং ০৭-এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাকটিকেট সংবলিত দুইটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
০২	প্রধান প্রকৌশলী , ০১টি স্থায়ী পদ. বেতন স্কেলঃ ৫৬০০০-৭৪৪০০/-	৫০ বছর	
০৩	সহযোগী অধ্যাপক পরিবেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, ০১টি স্থায়ী পদ বেতন স্কেলঃ ৫০০০০-৭১২০০/-	
০৪	সহকারী অধ্যাপক ক) পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ, ০১টি স্থায়ী পদ খ) ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, ০১টি স্থায়ী পদ গ) গণিত বিভাগ, ০১টি স্থায়ী পদ ঘ) মার্কেটিং বিভাগ, ০১টি স্থায়ী পদ (যোগ্য প্রার্থীর অপ্রাপ্যতার ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে প্রভাষক নিয়োগ দেওয়া হবে) বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/-	
০৫	প্রভাষক ক) পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ, ০৩টি স্থায়ী পদ খ) পরিবেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, ০৩টি পদ (১টি স্থায়ী, ০২টি শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী পদ) গ) অনুজীব বিজ্ঞান বিভাগ, ০১টি অস্থায়ী পদ (শিক্ষাছুটির বিপরীতে) ঘ) মার্কেটিং বিভাগ, ০২টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে ০১টি এবং সহকারী অধ্যাপক পদের বিপরীতে ০১টি) বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	৩০ বছর (তবে অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)	
০৬	সহকারী মেকানিক , (পরিবহন শাখা, রেজিস্ট্রার দপ্তর), ০১টি স্থায়ী পদ. বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-	৩০ বছর	
০৭	ডেসপাস রাইডার , রেজিস্ট্রার দপ্তর, ০১টি স্থায়ী পদ বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-	৩০ বছর	

স্বাঃ/
(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)

রেজিস্ট্রার

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

পিসি-৩২৭/২১ (৭'x৪)